

আল-মুনাফিকুন | Al-Munafiqun | الْمُنَافِقُونَ

আয়াতঃ ৬৩ : ৫

আরবি মূল আয়াত:

وَ إِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا يَسْتَغْفِرْ لَكُمْ رَسُولُ اللَّهِ لَوَّا رُءُوسَهُمْ وَ رَأَيْتَهُمْ
يَصُدُّونَ وَ هُمْ مُسْتَكْبِرُونَ ﴿٥﴾

অনুবাদসমূহ:

আর তাদেরকে যখন বলা হয় এস, আল্লাহর রাসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা তাদের মাথা নাড়ে*। আর তুমি তাদেরকে দেখতে পাবে, অহঙ্কারবশত বিমুখ হয়ে চলে যেতে। — আল-বায়ান

তাদেরকে যখন বলা হয়, ‘এসো, আল্লাহর রসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা মাথা নেড়ে অস্বীকৃতি জানায়, তখন তুমি দেখতে পাও তারা সদস্তে তাদের মুখ ফিরিয়ে নেয়। — তাইসিরুল

যখন তাদেরকে বলা হয়ঃ তোমরা এসো, আল্লাহর রাসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা মাথা ঘুরিয়ে নেয় এবং তুমি তাদেরকে দেখতে পাও যে, তারা দস্তভরে ফিরে যায়। — মুজিবুর রহমান

And when it is said to them, "Come, the Messenger of Allah will ask forgiveness for you," they turn their heads aside and you see them evading while they are arrogant. — Sahih International

*তারা অস্বীকার স্বরূপ মাথা নাড়ে।

৫. আর যখন তাদেরকে বলা হয়, তোমরা আস, আল্লাহর রাসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা মাথা নেড়ে অস্বীকৃতি জানায়, আর আপনি তাদেরকে দেখতে পাবেন, অহংকারবশত ফিরে যেতে।

তাকসীরে জাকারিয়া

(৫) যখন তাদেরকে বলা হয়, ‘তোমরা এসো, আল্লাহর রসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন’, তখন তারা মাথা ফিরিয়ে নেয়[1] এবং তুমি তাদেরকে দেখবে যে, তারা দস্তভরে ফিরে যায়।[2]

[1] অর্থাৎ, ক্ষমা প্রার্থনা (অপ্রয়োজনীয় মনে করে) বৈমুখ হয়ে নিজেদের মাথা ঘুরিয়ে নেয়।

[2] অর্থাৎ, যে তাদেরকে বলে তার নিকট থেকে অথবা রসূল (সাঃ) নিকট থেকে (নাক সিটকে) ফিরে যায়।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5193>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন